

MODEL QUESTION

Class-XII : SOCIOLOGY : Pre-Board/Board Final Exam. : 2022-23 : Marks - 80

I. সঠিক উত্তরটি বাছাই কর :-

1x10=10

- ১। ইউরোপে কখন জনগণনার সূচনা হয় ?
(ক) 1900 (খ) 1800 (গ) 1812 (ঘ) 1914
- ২। যে চিন্তাধারার মাধ্যমে একটি দেশ অন্য একটি দেশ দখল করে তাকে ——— বলে।
(ক) উপনিবেশবাদ (খ) সাম্রাজ্যবাদ (গ) জাতীয়তাবাদ (ঘ) কোনটাই না
- ৩। জনসংখ্যায় অধিক বয়সী গোষ্ঠীর অনুপাতকে কি বলা হয় ?
(ক) কর্মশীল গোষ্ঠী (খ) তরুণদের জনসংখ্যা (গ) বার্ধক্যগ্রস্ত অবস্থা (ঘ) সবগুলোই
- ৪। নির্দিষ্ট সময়কালে একটি এলাকার প্রতি 1000 পুরুষে মহিলাদের সংখ্যাকে কি বলা হয় ?
(ক) লিঙ্গ অনুপাত (খ) প্রজননের হার
(গ) শিশুমৃত্যুর হার (ঘ) জনসংখ্যার স্থিতিশীল অবস্থা
- ৫। ভারতীয় জাতীয় কংগ্রেস কত সাল থেকে কাজ করতে শুরু করে ?
(ক) 1930 (খ) 1940 (গ) 1939 (ঘ) 1950
- ৬। কেশব চন্দ্র সেন কতসালে মাদ্রাজ পরিদর্শন করেন ?
(ক) 1864 (খ) 1862 (গ) 1814 (ঘ) 1842
- ৭। সতীশ সাবেরওয়াল কে ছিলেন ?
(ক) ঐতিহাসিক (খ) বৈজ্ঞানিক (গ) সমাজতত্ত্ববিদ (ঘ) মন্ত্রী
- ৮। কর্মসংস্থানের সুযোগে গুরুত্বপূর্ণ উপাদান হল —
(ক) যে কোন সংস্থায় চাকরি (খ) স্ব-কর্মসংস্থান
(গ) (ক) এবং (খ) দুটোই (ঘ) কোনটাই না
- ৯। কোন আইনের অন্তর্গত এটা নির্দিষ্ট করা হয় যে একজন কর্মী সপ্তাহে কত ঘন্টা কাজ করতে পারবে ?
(ক) খনি আইন (খ) বন আইন
(গ) ক্রেতা সুরক্ষা আইন (ঘ) তথ্যের অধিকার আইন
- ১০। দক্ষিণাত্য দাঙ্গা কত সালে সংগঠিত হয় ?
(ক) 1914 (খ) 1858 (গ) 1857 (ঘ) 1855

II. একটি শব্দে বা বাক্যে নিচের প্রশ্নগুলোর উত্তর দাও :-

1x20=20

- ১১। OBC-র পুরো নাম কি ?
- ১২। নারী আন্দোলনের একটি উদাহরণ দাও।
- ১৩। ভরতনাট্যম নৃত্যটি কোন রাজ্যের নৃত্য ?
- ১৪। খাসিয়া, গারো, জয়ন্তীয়া কোন্ রাজ্যের উপজাতি ?
- ১৫। পাশ্চাত্যকরণের একটি উদাহরণ দাও।
- ১৬। ভারতীয় সংবিধানের রচয়িতা কে ?
- ১৭। IRDP-র পুরো নাম কি ?
- ১৮। একটি ভারীশিল্প প্রতিষ্ঠানের নাম লেখো।
- ১৯। কত সালে 'নবীন কৃষক' আন্দোলনের সূচনা হয় ?
- ২০। গরিলা আন্দোলন কোথায় শুরু হয়েছিল ?

[Contd...P/2]

- ২১। 1982 সালের বিখ্যাত টেক্সটাইল ধর্মঘট কোথায় হয়েছিল ?
২২। বিলম্বীকরণ কি ?
২৩। পরিষেবামূলক ক্ষেত্র বলতে কি বুঝ ?
২৪। ভারত কবে উদারীকরণের নীতি অনুসরণ করতে শুরু করে ?
২৫। উগ্র জাতীয়তাবাদ কি ?
২৬। ১৯৮৩ সালে শুরু হওয়া শ্রীলঙ্কার গৃহযুদ্ধের কারণ কি ?
২৭। বৈচিত্র্য মানে কি ?
২৮। জাতীয় আস্থা আইন (National Trust Act) কত সালে পাশ হয় ?
২৯। 'আদিবাসী' শব্দের আক্ষরিক অর্থ কি ?
৩০। কোন ধরনের পরিবারে পুরুষের কর্তৃত্ব এবং আধিপত্য থাকে ?

III. অতি সংক্ষেপে নিচের প্রশ্নগুলোর উত্তর দাও :-

2x5=10

- ৩১। জনসংখ্যার বয়স নির্ণায়ক কাঠামো বলতে কি বুঝ ?
৩২। জাতির খন্ডাত্মক সংগঠন কি ?
৩৩। সাম্প্রদায়িকতাবাদের দু'টি সমস্যার উল্লেখ কর।
৩৪। 'চুক্তিভুক্ত' শ্রমিক বলতে কাদের বোঝানো হয় ?
৩৫। বাস্তুতান্ত্রিক আন্দোলন কি ? উদাহরণ দাও।

IV. সংক্ষেপে নিচের প্রশ্নগুলোর উত্তর দাও :-

3x2=6

- ৩৬। জাতির তিনটি বৈশিষ্ট্য লেখ।
৩৭। উপনিবেশবাদ বলতে কি বুঝ ?

V. নিচের প্রশ্নগুলোর উত্তর দাও :-

4x6=24

- ৩৮। জনসংখ্যার বিবর্তনতত্ত্বের মূল যুক্তিটি বর্ণনা কর।
৩৯। অর্থনৈতিক উন্নয়ন বা বিকাশের ক্ষেত্রে জনসংখ্যার 'বয়স অনুসারে কাঠামো' কেন প্রাসঙ্গিক ?
৪০। উপজাতি সমাজের শ্রেণিবিভাজন সংক্ষেপে আলোচনা কর।
৪১। বর্তমান সময়ে নাগরিক সামাজিক সংগঠনের প্রাসঙ্গিকতা কি ?
৪২। শ্রমিকরা সাধারণত কেন ধর্মঘটে সক্রিয় হয় ?
৪৩। উদারীকরণের উপর একটি টিকা লেখ।

অথবা

উনবিংশ শতকের সামাজিক আন্দোলন সম্পর্কে যা জান লেখ।

VI. নিচের প্রশ্নগুলোর উত্তর দাও :-

5x2=10

- ৪৪। সামাজিক স্তরবিন্যাসের মূল নীতিগুলো আলোচনা কর।

অথবা

সামাজিক অসাম্য বলতে কি বুঝ ? একটি উদাহরণসহ আলোচনা কর।

- ৪৫। কাজ কিভাবে সম্পন্ন করা হয় আলোচনা কর।

অথবা

স্বাধীনতার প্রারম্ভিক সময়ে ভারতের শিল্পায়ণ সম্পর্কে লেখ।